



# বাংলাদেশ ব্যাংক

এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ বিভাগ

## প্রধান কার্যালয়

ডাকবাংল-৩২৫

ঢাকা।

Web: www.bb.org.bd

Fax: 88-02-9512991

এসএমইএসপিডি সার্কুলার লেটার নং- ০১

তারিখঃ ১৩ এপ্রিল, ২০১৬ ইং  
৩০ চৈত্র, ১৪২২ বাং

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান  
প্রধান কার্যালয়।

প্রিয় মহোদয়,

এসএমই অর্থায়ন সংক্রান্ত মাস্টার সার্কুলার সংশোধন প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে ০৭ জানুয়ারী, ২০১৬ তারিখে জারিকৃত এসএমইএসপিডি সার্কুলার নং-১ এর “কৃষিভিত্তিক শিল্প”, ‘ক্ষুদ্র উদ্যোক্তা (নারী উদ্যোক্তাসহ)’ এবং ‘কুটির, মাইক্রো ও ক্ষুদ্র খাতে নতুন উদ্যোক্তা’ খাতে ইসলামী শরিয়াহ্ ভিত্তিক অর্থায়নের বিপরীতে পুনঃঅর্থায়ন তহবিল” এর আওতায় ‘স্মল এন্টারপ্রাইজ খাতে অর্থায়নের শর্তাবলীর’ অনুচ্ছেদ নং-৪.৪.৩.৩ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। উক্ত অনুচ্ছেদে বর্ণিত শর্ত নিম্নরূপভাবে সংশোধন করা হলোঃ

অনুচ্ছেদ নং	শর্ত
৪.৪.৩.৩	এ তহবিলের আওতায় গ্রাহক পর্যায়ে বিনিয়োগের বিপরীতে গৃহীত মুনাফার হার/মার্কআপ প্রচলিত ব্যাংক হার ও মুদারাবা সঞ্চয়ী হিসাবের গড় মুনাফার হার এর যোগফলের চেয়ে বেশি হবে না।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে। সার্কুলারের অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

আপনাদের বিশ্বস্ত,

(স্বপন কুমার রায়)

মহাব্যবস্থাপক

ফোন- ৯৫৩০৫০২

E-mail: swapan.roy@bb.org.bd